দৈনিক ইনকিলাব

তারিখ ... 27 AUG 1992
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৩ ...

78

18

# মেধা পাচার রোধের জন্য শিক্ষার মানোন্নয়নে সরকার দৃঢ়প্রতিজ্ঞ

## —প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন, দেশের সীমিত সম্পদের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের কাঙ্ক্ষিত উন্নয়ন সাধনের জন্য অনুকূল শিক্ষা পরিবেশ বজায় রাখতে হবে।

তিনি বলেন, আমরা শিক্ষাকে অগ্রাধিকার দিয়েছি এবং সবার সমর্থন নিয়ে এই খাতকে আমরা আরো উন্নত করতে চাই।

প্রধানমন্ত্রী গতকাল ঢাকায় আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বাস বিতরণের এক অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন। দেশের সাতটি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে সাতটি বাস, একটি মিনিবাস ও দু'টি মাইক্রোবাস প্রদান করা হয়। খবর বাসস/ ইউএনবি'র।

তিনি বলেন, মেধা পাচার রোধের জন্য শিক্ষার মান উন্নয়নে সরকার আন্তরিক ও দৃঢ়প্রতিজ্ঞ। তিনি বলেন, "আমরা চাই, আমাদের ছেলে-মেয়েরা দেশে শিক্ষার কাঙ্ক্ষিত মান অর্জন করুক এবং জাতির অগ্রগতিতে কার্যকর অবদান রাখবে।"

প্রধানমন্ত্রী গণশিক্ষার মত অনানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচীকে সফল করে তোলার জন্য সঠিক সহযোগিতা প্রদান করতে ছাত্র ও শিক্ষকদের প্রতি আহবান জানান।

শিক্ষা খাতে সরকারের কর্মসূচীর উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, শিক্ষাকে কার্যকর করে তুলতে এবং উচ্চতর শিক্ষার কাঙ্ক্ষিত ফললাভে ছাত্রদের সাহায্য করতে সরকার

শেষ পৃঃ ১-এর কঃ দেখুন

## প্রধানমন্ত্রী

প্রথম পৃষ্ঠার পর

প্রাইমারী পর্যায়ে শিক্ষাকে শক্তিশালী করে তোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছেন।

এই উপলক্ষে আরো উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী জমির উদ্দিন সরকার, সমাজ কল্যাণ মন্ত্রী তরিকুল ইসলাম, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন, শিক্ষা প্রতিমন্ত্রী ইউনুস খান, বস্ত্র প্রতিমন্ত্রী এম এ মান্নান, যোগাযোগ প্রতিমন্ত্রী ফজলুর রহমান পটল, ত্রাণ প্রতিমন্ত্রী লুৎফুর রহমান খান এবং সংসদ সদস্যবৃন্দ।

ছাত্র নেতাদের মধ্যে উপস্থিত ছিলেন ডাকসু ভিপি আমানুল্লাহ আমান এমপি, ডাকসু জিএস খায়রুল কবির খোকন, জাতীয় ছাত্র দল সাধারণ সম্পাদক ইলিয়াস আলি, সাংগঠনিক সম্পাদক আবদুল মালেক, নাজিম উদ্দিন আলম, শিরীন সুলতানা, হাবিবুন্নবী সোহেল এবং আলি আক্কাস নাদিম।

যে সব শিক্ষা প্রতিষ্ঠান বাস পেয়েছে সেগুলোর মধ্যে রয়েছে— ঢাকা মেডিকেল কলেজ (একটি বাস), রাজশাহী মেডিকেল কলেজ (একটি বাস), ঢাকা বিশ্ববিদ্যালয় (শিক্ষকদের জন্য দু'টি মাইক্রোবাস ও ছাত্রদের জন্য দু'টি বাস), জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয় (শিক্ষকদের জন্য একটি মিনি বাস), নওয়াব সিরাজুদ্দৌলা কলেজ, নাটোর (একটি বাস), ঢাকা কলেজ (একটি বাস) এবং সাদত বিশ্ববিদ্যালয় কলেজ, করটিয়া, টাঙ্গাইল (একটি বাস)।

শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধানগণ এবং ঢাকা ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরগণ ছাত্রদের নিয়ে প্রধানমন্ত্রীর কাছ থেকে বাসগুলো গ্রহণ করেন।